

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা

নং-৪৫.১৭৪.০০২.০১.০০.০০৫.২০১০(খন্ড-২)-১৮

তারিখঃ ১২.০১.২০১৭ খ্রি.

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) কে সেন্টার অব এক্সিলেন্স এ পরিণতকরণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত ২০১৬-১৭ অর্থবছরের এডিপি বরাদ্দ অনুযায়ী জিওবি খাত হতে ৩য় কিস্তি বাবদ ৩৭৭৫.০০ লক্ষ (সাঁইত্রিশ কোটি পঁচাত্তর লক্ষ) টাকা অবমুক্তি সংক্রান্ত।

জনাব,

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ৩১.০৮.২০১৬ তারিখের ৪৫.১৭৪.০০২.০১.০০.০০৫.২০১০(খন্ড-২)-৩১৫ সংখ্যক স্মারকের অনুমোদিত বিভাজন অনুযায়ী আদিষ্ট হয়ে আমি “বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-কে সেন্টার অব এক্সিলেন্স-এ পরিণতকরণ (২য় পর্যায়)” (কোড নং-৫৩০০) শীর্ষক প্রকল্প এর অনুকূলে ২০১৬-১৭ অর্থবছরের এডিপির বরাদ্দ হতে নিম্নবর্ণিত শর্তে ৩য় কিস্তি বাবদ ৩৭৭৫.০০ লক্ষ (সাঁইত্রিশ কোটি পঁচাত্তর লক্ষ) টাকা ছাড়করণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি। মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারি করা হলো।

(লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	“বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে সেন্টার অব এক্সিলেন্স-এ পরিণতকরণ (২য় পর্যায়)” (কোড নং-৫৩০০)	অনুমোদিত	৩য় কিস্তির জিওবি অর্থ	২৫.০০	৩৭৫০.০০	৩৭৭৫.০০

শর্তাবলী :

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের বিষয়ে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- এই ব্যয় ২০১৬-১৭ অর্থবছরের এডিপির বরাদ্দ হতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের “বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-কে সেন্টার অব এক্সিলেন্স-এ পরিণতকরণ (২য় পর্যায়) (সংশোধিত)” (কোড নং-৫৩০০) হতে বহন করা হবে; এবং
- উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ এই অংক বহির্ভূত)।

২। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০নং স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পন করা হয়েছে সেই অনুযায়ী এই আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

২৭

(ড. মো: এনামুল হক)

উপ সচিব

ফোনঃ ৯৫৪৯৫৪০


-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

নং-৪৫.১৭৪.০০২.০১.০০.০০৫.২০১০(খন্ড-২)-১৮/১(৬)

তারিখঃ ১২.০১.২০১৭ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. যুগ্মপ্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, “বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) কে সেন্টার অব এক্সিলেন্স এ পরিণতকরণ (২য় পর্যায়) (সংশোধিত)” শীর্ষক প্রকল্প, বিএসএমএমইউ, ঢাকা।
৩. উপ সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. যুগ্মসচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. যুগ্মপ্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



(ড. মো: এনামুল হক)
উপ সচিব